

আদমশুমারি 2021 আপনার প্রশ্নগুলির উত্তর দেওয়া হয়েছে



আমার দেওয়া তথ্য কি আমার বেনিফিট বা ইমিগ্রেশন পরিস্থিতিতে কোন প্রভাব ফেলবে ?

না। আপনি আদমশুমারিতে যে তথ্য দেবেন তা বেনিফিট, এদেশে থাকার আবেদন, ইমিগ্রেশনের অবস্থা বা আপনার ট্যাক্সকে প্রভাবিত করতে ব্যবহার করা যাবে না।

ওএনএস সরকার থেকে স্বতন্ত্র সংস্থা। এর অর্থ আপনাকে দেওয়া অর্থ বা পরিষেবাদের সাথে জড়িত কর্মকর্তারা আপনার দেওয়া আদমশুমারির তথ্য দেখতে পারবেন না।



আমি যদি আমার আদমশুমারি প্রশ্নাবলী অনলাইনে পূরণ করতে না পারি?

আমরা জানি কিছু লোক আছেন যারা এটা করতে পারবেন না। এজন্য বিস্তৃত সহায়তা পরিষেবা নিয়ে সাহায্য করতে আমরা এখানে আছি। আপনার যা প্রয়োজন, তা আমরা আপনার জন্য সহজ করে দেব।

পরিষেবাগুলির মধ্যে রয়েছে:

- অনেক ভাষা এবং মাধ্যমে নির্দেশনা এবং সহায়তা
- ফোনে, ওয়েব চ্যাটে বা সামাজিক মিডিয়াতে সহায়তা
- প্রশ্নাবলীর কাগজে ছাপা একটি সংস্করণ, যদি আপনি চান
- সহজলভ্য আদমশুমারি নির্দেশনা, উদাহরণস্বরূপ, ব্রেইল

আপনার সহায়তার দরকার হলে
দেখুন www.census.gov.uk

  
[@Census2021](https://www.census.gov.uk)

আদমশুমারিতে আমার লিঙ্গ ও যৌন দৃষ্টিভঙ্গি নিয়ে আমাকে কেন প্রশ্ন করা হচ্ছে।

এই আদমশুমারিতে প্রথমবারের মতো যৌন দৃষ্টিভঙ্গি এবং লিঙ্গ পরিচয় সম্পর্কে স্বেচ্ছামূলক প্রশ্ন জিজ্ঞাসা করা হচ্ছে। এটি আমাদের সমকামী, উভকামী এবং হিজড়া জনগোষ্ঠীর উপর আরও সঠিক তথ্য দেবে।



এটি বিভিন্ন সংগঠনকে এই গোষ্ঠীগুলির প্রতি যে কোনও বৈষম্য মোকাবেলা করতে সহায়তা করবে এবং দেখাবে কোথায় পরিষেবাগুলি দরকার। আমরা কেবল 16 বছর ও এর বেশী বয়সীদের এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করব।

আপনি যদি আপনার পরিবারের অন্যান্য সদস্যদের সাথে একই ফর্ম ব্যবহার করে নিজেকে সনাক্ত করতে স্বাচ্ছন্দ্য বোধ না করেন, তবে আপনি পৃথক আদমশুমারি প্রশ্নাবলীর জন্য অনুরোধ করতে পারবেন ও আলাদাভাবে উত্তর দিতে পারেন।

আমি কি বন্ধুবান্ধব এবং পরিবারকে আদমশুমারি প্রশ্নাবলী পূরণ করতে সহায়তা করতে পারি?

আমরা প্রশ্নাবলীকে যতটা সম্ভব সহজ করেছি।

যদি কোনও বন্ধু, বা পরিবারের সদস্যের সহায়তার প্রয়োজন হয়, যদি পারেন, তবে তাদের সহায়তা করুন। সর্বদা প্রথমে আপনার নিজের আদমশুমারি পূরণ করুন।

আপনি নিজের জন্য বা অন্য কারও জন্যেও সাহায্য চাইতে পারেন।



সরকার কি আমার দেওয়া তথ্য ব্যবহার করে আমাকে সনাক্ত করবে?

না। অফিস ফর ন্যাশনাল স্টি্যাটিস্টিক্স (ওএনএস) ইংল্যান্ড এবং ওয়েলস-এর আদমশুমারি পরিচালনা করে। আমরা কেবল আদমশুমারি থেকে বেনামে তথ্য প্রকাশ করি। প্রকৃতপক্ষে, ব্যক্তিগত আদমশুমারি সম্পর্কিত তথ্য অন্যদের দেওয়া একটি অপরাধ এবং আপনি আমাদের যা কিছু জানান তা সুরক্ষিত।

আদমশুমারি আমার জন্য কি পার্থক্য করবে?

আদমশুমারি প্রত্যেকের জন্য একটি পার্থক্য তৈরি করে। এটা আপনার বক্তব্য জানাবার এক দশকের একটি সুযোগ এবং আপনার স্থানীয় এলাকার ভবিষ্যত নির্ধারণে সহায়তা করে।



যদি আমি আদমশুমারি বিকল্পের দ্বারা নিজেকে সনাক্ত না করি?

আদমশুমারি আপনাকে আপনার জাতিসত্তা, লিঙ্গ এবং যৌন দৃষ্টিভঙ্গি, ধর্ম এবং জাতীয় পরিচয় সম্পর্কে জিজ্ঞাসা করে। আপনি প্রতিটি প্রশ্নের উত্তর কীভাবে দিতে চান তা আপনার উপর নির্ভর করে। আপনি যেভাবে নিজেকে সনাক্ত করেন সেভাবে এটি করুন।

আদমশুমারি এসেছে

এটা আপনার কমিউনিটির কাছে যা গুরুত্বপূর্ণ সে ব্যাপারে নেওয়া সিদ্ধান্তগুলির ব্যাপারে অবহিত করে। এই লিফলেটে আপনি **আদমশুমারি 2021** সম্পর্কে সাধারণ প্রশ্নের উত্তর পাবেন।

আপনার আদমশুমারির প্রশ্নাবলী পূরণ করা গুরুত্বপূর্ণ কারণ এটি আমাদের সমাজ সম্পর্কে আমাদের সর্বাধিক বিস্তারিত তথ্য দেয়। আপনাকে অবশ্যই আইন অনুসারে আদমশুমারি পূরণ করতে হবে।

আদমশুমারির তথ্য আপনার এলাকায় জনসেবা সম্পর্কে তহবিল বরাদ্দের সিদ্ধান্ত নিতে সহায়তা করে। এটি নতুন স্কুল, ডাক্তারদের সার্জারি বা বাইক লেনের পরিকল্পনা করছে কিনা, আপনার দেওয়া তথ্য ইংল্যান্ড এবং ওয়েলসে বসবাসকারী প্রত্যেকের জীবনে প্রভাব ফেলে।

আমি কখন আমার আদমশুমারি প্রশ্নাবলী পূরণ করব?

আদমশুমারির তারিখ হচ্ছে 21শে মার্চ রবিবার - তবে পোস্টে আপনার অ্যাক্সেস কোড পাওয়ার সাথে সাথে আপনি আপনার ফরম পূরণ করতে পারবেন।

আপনার উত্তরগুলি এমন লোকদের সম্পর্কে হওয়া উচিত যারা এই দিনে সাধারণত আপনার গৃহস্থালিতে থাকেন - এমনকি আপনি যদি এর আগে পূরণ করে থাকেন তবুও।

যদি আপনার পারিবারিক পরিস্থিতি আদমশুমারির দিনে পরিবর্তন হয় তবে আপনি আমাদের জানান।

আপনার সহায়তার দরকার হলে
দেখুন www.census.gov.uk



@Census2021

আদমশুমারি কী?

আদমশুমারি একটি জরিপ যা প্রতি 10 বছর পর পর ঘটে এবং আমাদের ইংল্যান্ড এবং ওয়েলসের সমস্ত লোক এবং পরিবারের একটি চিত্র দেয়। স্থানীয় কর্তৃপক্ষ থেকে শুরু করে দাতব্য প্রতিষ্ঠান সহ সকল ধরনের সংস্থা এই তথ্য ব্যবহার করে, পরিবহন, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা সহ আমাদের সকলের প্রয়োজনীয় পরিষেবা সরবরাহ করতে সহায়তা করে। আদমশুমারি ছাড়া এটি করা অনেক বেশি কঠিন হতো।

আমাকে কি অংশ নিতে হবে?

আপনি যদি ইংল্যান্ড এবং ওয়েলসে থাকেন তবে আপনাকে অবশ্যই আদমশুমারি পূরণ করতে হবে। আদমশুমারির তথ্য জনগণের বিলিয়ন বিলিয়ন পাউন্ড কীভাবে ব্যয় হয় তা জানাতে সহায়তা করে। আদমশুমারি প্রশ্নাবলী পূরণ করতে জনপ্রতি 10 মিনিট সময় নিয়ে আপনি নিশ্চিত করতে সহায়তা করবেন যাতে আপনার কমিউনিটি এখন এবং ভবিষ্যতে প্রয়োজনীয় পরিষেবাগুলি পায়।



আদমশুমারির তারিখ হলো রবিবার 21 মার্চ

অংশ নেওয়া সহজ। আপনার ফর্মটি পূরণ করতে
যদি আপনার সাহায্যের প্রয়োজন হয় তবে আমরা
তার ব্যবস্থা করেছি।



আমরা আপনাকে একটি অ্যাক্সেস
কোড সহ একটি চিঠি পাঠাবো।



আমাদের সুরক্ষিত ওয়েবসাইটটি
দেখুন এবং শুরু করতে আপনার
অ্যাক্সেস কোড টাইপ করুন।

আপনি বা আপনার পরিচিত কারো যদি সহায়তা প্রয়োজন
হয় তবে বিস্তৃত সহায়তা পরিষেবা পাওয়া যাবে।

আপনার সহায়তার দরকার হলে
দেখুন www.census.gov.uk

  
@Census2021